

দৈনিক  
**জনকণ্ঠ**

ঢাকা ॥ শুক্রবার  
২৮ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ  
১২ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

## বারিতে উন্নতিকরণ কর্মশালা

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) 'সরকারী, এনজিও এবং উৎপাদক প্রতিষ্ঠানের মধ্যে আন্তঃযোগাযোগ উন্নতিকরণ' শীর্ষক দিনব্যাপী পরামর্শ কর্মশালা বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। বারির গাজীপুরস্থিত এফএমপিই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত এ কর্মশালায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. মোঃ আব্দুল ওহাব। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) জেবুন নেছা, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. বাবু লাল নাগ এবং পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. এ কে এম শামছুল হক। কর্মশালায় স্বাগত বক্তব্য উপস্থাপন করেন এফএমপিই বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ আইয়ুব হোসেন এবং বীজ প্রযুক্তি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্পটির পরিচালক ড. অপূর্ব কান্তি চৌধুরী অনুষ্ঠানে প্রকল্পের সংক্ষিপ্ত কার্যক্রম উপস্থাপন করেন।

জাতির কাগজ ঢাকা ■ শুক্রবার ■ ১২ জুলাই ২০১৯



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে গতকাল সরকারি, এনজিও এবং উৎপাদক প্রতিষ্ঠানের মধ্যে আন্তঃযোগাযোগ উন্নতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। বিজ্ঞপ্তি।

## বারিতে পরামর্শ কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) ফার্ম মেশিনারি এন্ড পোস্ট-হার্ভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগ (এফএমপিই) আয়োজিত 'সরকারি, এনজিও এবং উৎপাদক প্রতিষ্ঠানের মধ্যে আন্তঃযোগাযোগ উন্নতকরণ' শীর্ষক দিনব্যাপী পরামর্শ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার এফএমপিই বিভাগের সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বারির বিভিন্ন বিভাগের বিজ্ঞানীসহ বিভিন্ন কৃষি গবেষণা প্রতিষ্ঠান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, বিভিন্ন বিশ্ববিদ্যালয়, এনজিও এবং কৃষি যন্ত্রপাতি উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশ নেন। বিজ্ঞপ্তি।

বারির পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল ওহাবের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। বিশেষ অতিথি ছিলেন পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) জেবুননেছা, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. বাবু লাল নাগ ও পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. এ কে এম শামছুল হক। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন এফএমপিই বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আইয়ুব হোসেন। অনুষ্ঠানে প্রকল্পের সংক্ষিপ্ত কার্যক্রম উপস্থাপন করেন বীজ প্রযুক্তি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্পটির পরিচালক ড. অপূর্ব কান্তি চৌধুরী। বারি মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ বলেন, বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য ২০৪১ সালের মধ্যে কৃষির শতভাগ যান্ত্রিকীকরণ। তবে এটা অর্জন করা অনেক বড় একটা বিষয়। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটও তার সীমিত সামর্থ্যের মাধ্যমে সরকারের এ লক্ষ্য অর্জনে সাহায্য করে যাচ্ছে।

